

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের বিবরণ।

باب مَا جَاءَ فِي وَصنْفِ الصَّلاةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّار، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد الْقَطَّانُ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ، أَخْبَرَنِي سَعِيدُ بْنُ أَبِي سَعِيدٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم دَخَلَ الْمَسْجِدَ فَدَخَلَ رَجُلٌ فَصلاًى ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى النَّبِيّ صلى الله عليه وسلم فَرَدَّ عَلَيْهِ السَّلاَمَ فَقَالَ " ارْجِعْ فَصلَلَّ فَإِنَّكَ لَمْ تُصلَلّ " . فَرَجَعَ الرَّجُلُ فَصلَّى كَمَا كَانَ صلَّى ثُمَّ جَاءَ إِلَى النَّبِيّ صلى الله عليه وسلم فَسَلَّمَ عَلَيْهِ فَرَدَّ عَلَيْهِ السَّلاَمَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "ارْجِعْ فَصلَلَّ فَإِنَّكَ لَمْ تُصلَلّ ". حَتَّى فَعَلَ ذَلِكَ ثَلاَثَ مِرَارِ فَقَالَ لَهُ الرَّجُلُ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أُحْسِنُ غَيْرَ هَذَا فَعَلِّمْنِي . فَقَالَ " إِذَا قُمْتَ إِلَى الصَّلاَةِ فَكَبِّرْ ثُمَّ اقْرَأْ بِمَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْكَعْ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْتَدلَ قَائِمًا ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ جَالِسًا وَافْعَلْ ذَلِكَ فِي صَلَاتِكَ كُلِّهَا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ. قَالَ وَقَدْ رَوَى ابْنُ نُمَيْرِ هَذَا الْحَديثَ عَنْ عُبَيْد اللَّهِ بْن عُمَرَ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ . وَرِوَايَةُ يَحْيَى بْن سَعِيدِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَصنَحُّ . وَسَعِيدٌ الْمَقْبُرِيُّ قَدْ سَمِعَ مِنْ أَبِي هُرَيْرَةَ وَرَوَى عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ مَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبُو سَعِيدِ الْمَقْبُرِيُّ اسْمُهُ كَيْسَانُ وَسَعِيدٌ الْمَقْبُرِيُّ يُكْنَى أَبَا سَعْدِ وَكَيْسَانُ عَبْدٌ كَانَ مُكَاتَبًا لِبَعْضِهِمْ.

বাংলা

৩০৩. মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) .... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম একদিন মসজিদে এসে প্রবেশ করলেন। এমন সময় এক ব্যক্তি এল এবং সালাত আদায় করে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে সালাম জানাল। রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সালামের উত্তর দিলেন, বললেনঃ ফিরে যাও, তুমি পুনরায় সালাত আদায় কর, কারণ তুমি তো সালাত আদায় করিন। লোকটি ফিরে গেল এবং আগে যে ধরনের সালাত পড়েছিল সে ধরনের সালাত পড়ল। পরে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে এসে সালাম জানাল। রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সালামের উত্তর দিলেন, বললেনঃ ফিরে যাও, আবার সালাত আদায় কর, কারণ তুমি তো সালাত আদায় করিন। তিনবার এমন ঘটল। শেষে লোকটি বললঃ যিনি আপনাকে সত্যসহ প্রেরণ করেছেন সেই সন্তার কসম, আমি তো এর চেয়ে ভাল জানি না। আমাকে আপনি শিখিয়ে দিন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যখন সালাতে দাঁড়াবে প্রথমে তাকবীর বলবে। পরে সোজা হয়ে দাঁড়াবে। এর পর সিজদায় যাবে এবং ধীর-স্থিরভাবে সিজদা করবে। পরে উঠে ধীর-স্থির হয়ে বসবে। তোমার সম্পূর্ণ সালাতেই এইরূপ করবে। - ইবনু মাজাহ ১০৬০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সাহীহ। ইবনু নুমায়র (রহঃ) এই হাদীসটি উবায়দুল্লাহ ইবনু উমর ... সাঈদ আল মাকবুরী ... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। তিনি তাঁর সনদে সাঈদ আল মাকবুরীর পিতা আবৃ সাঈদ এর বরাত উল্লেখ করেননি। ইয়াহইয়া ইবনু সাঈদ উবায়দুল্লাহ ইবনু উমর (রহঃ) এই সনদটি অধিকতর সহীহ। সাঈদ আল-মাকবুরী (রহঃ) সরাসরি আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস শুনেছেন। আবার অনেক সময় তাঁর পিতা আবৃ সাঈদ-এর বরাতেও তিনি আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন। আবৃ সাঈদ আল-মাকবুরী (রহঃ)-এর নাম হল কায়সান। আর সাঈদ আল-মাকবুরীর উপনাম হল আবৃ সা'দ। কায়সান ছিলেন দাস। পরে তিনি 'মুকাতাব' বা বিনিময় চুক্তিতে স্বীয় স্বাধীনতা ক্রয় করেন।

## **English**

## Abu Hurairah narrated:

"Allah's Messenger entered the Masjid, and a man entered and offered Salat. Then he came to give Salam to the Propet. He returned the Salam to him and said: 'Go back and perform Salat, for indeed you have not prayed.' So the man returned to pray as he had prayed. Then he came to give Salam to the Prophet. He returned Salam to him, then [Allah's Messenger] said: 'Go back and perform Salat, for indeed you have not prayed' until he had done that three times. So the man said to him: 'By the One who sent you with the Truth, I do not know any better than this, so teach me.' So he said [to him]: 'When you stand for Salat then say the Takbir, then recite what is easy for you of the Quran. Then bow until you are at rest while bowing, then rise up until you are at rest sitting. Do that in all of your Salat.'"



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন